গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

বিষয়: জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির চতুর্দশ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল হালিম<br>ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৩সেপ্টেম্বর, ২০১৮ খ্রি: বৃহস্পতিবার |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সময় | : | বিকাল: ৩.০০ টা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচিতির মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব এস. এম. আশরাফুজ্জামান, পরিচালক(যুগ্ম সচিব), এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | <u>বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ :</u><br>বিগত সভার কার্য-বিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভাপতি যথাসময়ে সভা আহবান করায় এনপিও'র পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরে বিগত সভার কার্য-বিবরণীর উপর কমিটির সদস্যদের মতামত আহবান করা হয়। গত ৩০-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত ত্রয়োদশতম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত ত্রয়োদশতম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। |
| ২. | <u>এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত :</u><br>এনপিও এর পরিচালক জানান যে, এনপিও'র ৩টি বিভাগীয় শহরে ৩টি আঞ্চলিক অফিস স্থাপন সহ মোট ৩৫৮ জন জনবলের একটি প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত ৩১-০৭-২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় কিছু সংশোধনসহ জনবল কমিয়ে প্রাথমিকভাবে প্রস্তাব গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পত্র শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।<br>জনাব মোঃ সফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এনপিও জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ প্রশাসন থেকে শুরু করে সারাদেশব্যাপী উৎপাদনশীলতার কলাকৌশল সম্পর্কে প্রচার ও প্রসার ঘটানোর ক্ষেত্রে অবদান রেখে আসছে মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি বলেন জাতীয় শিল্প নীতির আলোকে এনপিও'র কর্মপরিকল্পনা অনুযায়ী শিল্প মন্ত্রণালয় হতে উৎপাদনশীলতা উন্নয়ন সংক্রান্ত আরো ডিপিপি (DPP) গ্রহণ করে দেশব্যাপী উৎপাদনশীলতা উন্নয়ন ঘটানো সহ এনপিও'র ৮টি বিভাগীয় আঞ্চলিক অফিস স্থাপনের বিষয়ে পদক্ষেপ নেওয়া যেতে পারে। | এনপিও'র আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপনের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়ন:<br>(ক) যুগ্ম সচিব (প্রশাঃ-২) শিল্প মন্ত্রণালয়।<br>(খ) এনপিও। |

| | | |
|---|---|---|
| | সভাপতি এনপিও'র আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপনের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি পূরণপূর্বক প্রেরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদান করেন | |
| ৩. | **<u>এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত :</u>**<br><br>এনপিও এর পরিচালক জানান যে, গত ০৩/০৫/১৮ তারিখে মাননীয় শিল্পমন্ত্রী মহোদয় অ্যাটর্নি জেনারেলকে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য ফোনে অনুরোধ করেন এবং গত ১৩ আগষ্ট, ১৮তারিখে সর্বশেষ এনপিও'র পরিচালক অ্যাটর্নি জেনারেলের সাথে সাক্ষাৎ করে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন মর্মে সভাকে অবহিত করেন । এ বিষয়ে নতুন DAG'র সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম বলেন, এসএমই ফাউন্ডেশন এর কার্যালয়ের কার্যক্রম ভাড়াকৃত অফিসে পরিচালিত হওয়ায় বাৎসরিক অনেক অর্থ ব্যয় হয় । ফলশ্রুতিতে এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় দ্রুততার সাথে ভবন নির্মাণ সম্পন্ন হলে এসএমই ফাউন্ডেশনের ভাড়া বাড়ী হতে নতুন জায়গায় অফিস স্থানান্তর সম্ভব হবে । এসএমই ফাউন্ডেশন হতে সিনিয়র এডভোকেট নিয়োগ করার মাধ্যমে মামলার জটিলতা দ্রুত নিরসন করার পদক্ষেপ গৃহীত হয়েছে ।<br>এ প্রেক্ষিতে নাসিবের সভাপতি জনাব মির্জা নুরূল গনি শোভন বলেন যে, বিশ্বায়নের সাথে তাল মিলিয়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জন্য Smart Building, Smart Office এবং Smart Man কে যুগোপযোগী করা প্রয়োজন । তিনি এনপিও'র ভবন নির্মাণ সংক্রান্ত মামলাটি নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।<br><br>সভাপতি এনপিও'র জন্য বররাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণের মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্টদের আরো অধিক মাত্রায় উদ্যোগী ও কর্মতৎপরতা বৃদ্ধির পরামর্শ প্রদান করেন । | অ্যাটর্নি জেনারেল (AG) / ডেপুটি অ্যাটর্নি জেনারেল (DAG) অফিসের সাথে সর্বাত্মক ও কার্যকরী যোগাযোগ সৃষ্টি করে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ বাস্তবায়ন নিশ্চত করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন ।<br><br>(খ) এনপিও । |
| ৪. | **<u>এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ :</u>**<br>এনপিও'র জনবলের পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের শিল্প, সেবা, ক্ষুদ্র ও কৃষি সেক্টরের "উৎপাদনশীলতা উন্নয়ন" শীর্ষক প্রায় ৯৭১.০০ (নয় কোটি একাওর লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে DPP প্রস্তুত করে গত ১২ জুন, ২০১৮ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>গত ২২জুলাই প্রকল্পটির যাচাই কমিটির সভা পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় কর্তৃক আহবান করা হয়েছিল । কিন্তু অনিবার্য কারনবশতঃ সভা অনুষ্ঠিত হয়নি মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>নাসিব সভাপতি জনাব মির্জা নুরুল গনি শোভন বলেন এনপিও এর কর্মকর্তাদের সাথে বিভিন্ন ট্রেডবডিকে যুক্ত করে প্রকল্প তৈরি করে (DPP) সকল জেলায় জেলায় উৎপাদনশীলতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা জরুরী ।<br>সভাপতি এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়ে প্রেরণকৃত সরকারের রাজস্ব খাত হতে উন্নয়ন প্রকল্প (DPP) টি দ্রুততার সাথে বাস্তবায়ন করার নির্দশনা প্রদান করেন । | এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন" শীর্ষক প্রকল্পের DPPটি দ্রুততার সাথে বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে ।<br>**বাস্তবায়ন :**<br>(ক) এনপিও ।<br><br>(খ) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় । |

| | | |
|---|---|---|
| ৫. | **এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ :**<br><br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, এপিও কর্তৃক Technical Expert Service(TES) প্রদানের বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে সরকারি প্রতিষ্ঠান, বিজনেস এসোসিয়েশন এবং বেসরকারি প্রতিষ্ঠান এর পাশাপাশি গত ১৪ জুন,২০১৮তারিখে ০৩টি দৈনিক পত্রিকাঃ,'দৈনিক আমাদের সময়','দৈনিক সমকাল', 'দৈনিক ভোরের কাগজ', এ মাধ্যমে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, ২০১৮ সালে ০৭টি প্রতিষ্ঠানের আবেদন এপিও তে প্রেরণ করা হয়েছে। এপিও ০৩টি প্রতিষ্ঠানের আবেদন গ্রহন করেছে । ইতোমধ্যে ০২টি (এনপিও এবং বিএসপিপি) TES বাস্তবায়িত হয়েছে । ডিসেম্বর, ২০১৮ তে স্কয়ার ফার্মাসিউটিক্যাল এ একটি TES পরিচালিত হবে।<br>এপিও কর্তৃক Technical Expert Service (TES) প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের লক্ষ্যে সরকারি বিজনেস এসোসিয়েশন এবং বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করায় সভাপতি সভায় সন্তোষ প্রকাশ করেন। | পরবর্তী বছরের TES কর্মসূচি অধিক সংখ্যক প্রাপ্তির লক্ষ্যে এনপিও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও । |
| ৬. | **সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর :**<br><br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, শিল্প সচিব মহোদয়ের উপস্থিতিতে নাসিব, বিডব্লিউসিসিআই ও বিএসপিপি এর সাথে MoU স্বাক্ষরিত হয়েছে । বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও এনপিও'র মধ্যে সমঝোতা স্মারকটি শিল্প মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য বিবেচনাধীন আছে। এছাড়াও ডিসিসিআই হতে খসড়া সমঝোতা স্মারক পাওয়া গেছে মর্মে সভাকে অবহিত করেন । অন্যান্য সংগঠন/এসোসিয়েশন (এফবিসিসিআই/ বিসিআই/বাপা) এর নিকট খসড়া সমঝোতা স্মারক প্রেরণ করা হয়েছে এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত আছে । অদ্যাবধি তেমন কোন সাড়া পাওয়া যায়নি । তিনি উপস্থিত সকল ট্রেডবডির প্রতিনিধিগণকে প্রস্তাবিত MoU সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এফবিসিসিআই এর পরিচালক জনাব মোঃ নিজাম উদ্দিন বলেন এনপিও কর্তৃক প্রেরণকৃত খসড়া MoU বিষয়টি সম্পর্কে তিনি অবহিত নন । বিষয়টি সম্পর্কে তিনি অবহিত হয়েছেন বিধায় দ্রুততম সময়ের মধ্যে এনপিও এবং এফবিসিসিআই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে বলে আশা প্রকাশ করেন ।<br>সভাপতি শিল্প ও সেবাখাতের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এনপিও'র সাথে MoU স্বাক্ষরিত হওয়ায় নাসিব, বিডব্লিউসিসিআই ও বিএসপিপি এর সভাপতিগণকে অভিনন্দন জানান । এছাড়া সভায় উপস্থিত বিভিন্ন ট্রেডবডির প্রতিনিধিদের প্রস্তাবিত MoU সংক্রান্ত কর্মকাণ্ডের গুরুত্ব অনুধাবন করে সর্বাত্মক অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অনুরোধ জানান। | উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য বিভিন্ন ট্রেডবডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>**বাস্তবায়ন :** এনপিও। |
| ৭. | **শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণঃ**<br>এনপিও'র পরিচালক জানান বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণের জন্য অতিরিক্ত সচিব (সাধারণ)কে আহবায়ক করে ০৫ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয়েছে । এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তির জন্য ০১টি খসড়া content প্রস্তুত করা হয়েছে । গত ০৩ সেপ্টেম্বর, ১৮ তারিখে কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণের গঠিত কমিটিতে নতুন দুইজন সদস্য কোঅপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন । | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি সংযুক্তির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশমালা প্রণয়নের কার্যক্রম দ্রুততার সাথে শেষ করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (সাধারণ) শিল্প মন্ত্রণালয়।<br>(খ) এনপিও। |

| | | |
|---|---|---|
| | সভাপতি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি সংযুক্তির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশমালা প্রণয়নের কার্যক্রম দ্রুততার সংগে শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | |
| ৮. | **এনপিও'র সার্বিক কর্মকান্ডের উপর উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকরণ:**<br>উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের জন্য ৫ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছেন। TOR অনুযায়ী একজন দক্ষ পেশাদারী ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকারক প্রতিষ্ঠান/ব্যক্তি কে নিয়োগ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে এনপিও কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রতিষ্ঠানটি ডকুমেন্টরি প্রস্তুতের কাজ শুরু করেছে। কমিটির পরবর্তী সভায় খসড়া ডকুমেন্টরি ফিল্মটি উপস্থাপন করা সম্ভব হবে মর্মে পরিচালক সভাকে অবহিত করেন।<br><br>সভাপতিসহ উপস্থিত সদস্যবৃন্দ কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং দ্রুততার সাথে এটি সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম দ্রুততার সাথে শেষ করতে হবে।<br><br>বাস্তবায়ন : এনপিও। |
| ৯. | **উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সেমিনার/ কর্মশালা/ আয়োজন:**<br><br>এনপিও এবং নাসিব এর যৌথ উদ্যোগে ২ অক্টোবর "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৮"এর প্রতিপাদ্য বিষয় "সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে উৎপাদনশীলতা" শীর্ষক আলোচনা সভা আগামী ২২ সেপ্টে-১৮ আয়োজন করা হবে মর্মে নাসিব সভাপতি সভাকে অবহিত করেন। তিনি সচিব মহোদয়কে সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য ইতোমধ্যে আমন্ত্রণ জানানো হয়েছে মর্মে সভাকে জানান।<br><br>এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহায়তায় গত ১৮-১৯ জুলাই, ২০১৮ তারিখে Material Flow Cost Accounting (MFCA) একটি ট্রেনিং কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ট্রেনিং কর্মশালায় এনপিও'র সকল কর্মকর্তারা উপস্থিত ছিলেন মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন।<br>নাসিবের সভাপতি বলেন, এনপিও'র সহায়তায় গত ২৮ জুন বাণিজ্য মন্ত্রণালয় এবং নাসিব এর যৌথ উদ্যোগে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক একদিনের সেমিনার/ কর্মশালা আয়োজন করা হয়। এছাড়া বিসিআইসি'র পরিচালক (উ. ও গ.), মোঃ শাহীন কামাল বলেন, বিসিআইসি'র আওতাধীন প্রতিষ্ঠান ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)তে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক ৩দিনের একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনে আগ্রহী। এনপিও এর সাথে আলোচনাক্রমে সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে আগামী অক্টোবর মাসের শেষ সপ্তাহে এটি আয়োজন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে ত্বরান্বিত করার লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক সেমিনার/ কর্মশালা/আলোচনা সভা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক সেমিনার/ কর্মশালা/ আলোচনা সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়ন :<br>ক) এনপিও।<br>খ) সংশ্লিষ্ট প্রতিষ্টান/ট্রেডবডি। |
| ১০ | **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রদান করাঃ**<br><br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত প্রচার-প্রচারণার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা চেম্বার অব কমার্স এবং নাসিব এর আঞ্চলিক কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এওয়ার্ড প্রদানের লক্ষ্যে আবেদনপত্র সংগ্রহের জন্য গত ২৩ এপ্রিল ২০১৮ তারিখে বিজ্ঞপ্তিটি ছয়টি দৈনিক পত্রিকা: ('দৈনিক কালের কণ্ঠ','দৈনিক আমাদের সময়', 'দৈনিক সমকাল', 'দৈনিক যুগান্তর' 'দৈনিক | কর্ম-পরিকল্পনা অনুযায়ী ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদানের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

| | | |
|---|---|---|
| | ভোরের কাগজ',এবং The Daily Observer) প্রকাশ করা হয়েছে। এছাড়াও এনপিও'র নিজস্ব ওয়েবসাইট www.npo.gov.bd বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। এনপিও ওয়ার্কিং কমিটি কর্তৃক জমাকৃত আবেদন ফরম যাচাই-বাছাই ও মূল্যায়ণ করার কাজ চলছে। এনপিও'র কর্ম-পরিকল্পনা অনুযায়ী আগামী নভেম্বর,২০১৮ এর মধ্যে এওয়ার্ড বিতরণের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন ।<br>সভাপতি এনপিও কর্তৃক গৃহীত কর্ম-পরিকল্পনা অনুসারে ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদানের যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্টদের নির্দশনা প্রদান করেন । | বাস্তবায়ন :<br>(ক) অতিরিক্ত সচিব শিল্প মন্ত্রণালয় ।<br>(খ) এনপিও । |
| ১১. | **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সিআইপি'র মত সুযোগ সুবিধা সংক্রান্ত :**<br>এনপিও'র পরিচালক বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে এনপিও'র ওয়ার্কিং কমিটি ১টি খসড়া নীতিমালা প্রস্তুত করে মূল কমিটির ১ম সভায় উপস্থাপন করা হয়েছিল । এনপিও'র ওয়ার্কিং কমিটি কর্তৃক প্রস্তুতকৃত নীতিমালার বিভিন্ন দিক যাচাই বাছাইসহ কিছু বিষয় সংযোজন ও বিয়োজন করা হয়েছে, যা মূল কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br>সভাপতি "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি কর্তৃক চূড়ান্ত নীতিমালা প্রণয়ন কার্যাদি দ্রুততার সাথে সম্পাদন করার জন্য নির্দেশনা প্রদান করেন । | "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি চূড়ান্ত নীতিমালা প্রণয়ন কার্যাদি দ্রুততার সাথে সম্পাদন করে পূর্ণাংগ প্রতিবেদন প্রস্তুত করতে হবে ।<br>বাস্তবায়ন :<br>(ক) এ সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটি । |
| ১২. | **এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টরের সভা আহবান ও পুনর্গঠন:**<br>২০১৮-২০১৯অর্থ বছরে উৎপাদনশীলতা বিষয়ক খাতওয়ারী উপদেষ্টা কমিটির ০৮টি সেক্টরে প্রস্তাবিত ১৬টি সভার মধ্যে ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে । অবশিষ্ঠ সভাসমূহ স্ব স্ব কমিটি নির্ধারিত সময়ের আগেই সম্পন্ন করবে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>সভাপতি বছরে প্রতিটি সেক্টর দুটি করে সভা আহবান করার জন্য পরিচালক এনপিও এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পদক্ষেপ গ্রহণ করতে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র জন্য গঠিত খাতওয়ায়ী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ০৮টি সেক্টরে বছরে কমপক্ষে ০২টি সভা আহবান করতে হবে।<br>ক) সংশ্লিষ্ট উপদেষ্টা কমিটির সভাপতি<br>খ) স্ব স্ব সেক্টর প্রধানগণ, এনপিও। |
| ১৩. | **এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ :**<br>এনপিও'র পরিচালক সভাকে জানান, শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাভুক্ত সকল দপ্তর/সংস্থার প্রধানদের উপস্থিতিতে শিল্প সচিব মহোদয় গত ১২/০৮/২০১৮ তারিখে এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও বার্তা'র ২য় সংখ্যার মোড়ক উম্মোচন করেছেন ।<br>এনপিও বার্তা'র ৩য় সংখ্যা (জানুয়ারি-জুলাই, ২০১৮) প্রকাশের জন্য কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে মর্মে সভাকে জানান । শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম বলেন, এনপিও কর্তৃক প্রকাশিত এনপিও বার্তার মান উন্নয়ন ও শ্রীবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা বিষয়ক আরো লেখা প্রকাশ করা প্রয়োজন ।<br>সভাপতি উৎপাদনশীলতা সম্পর্কে সঠিক ধারণা সম্প্রসারণের লক্ষ্যে এনপিও কর্তৃক প্রকাশিতব্য ষাণ্মাসিক এনপিও বার্তা নিয়মিতভাবে প্রকাশের কার্যক্রম গ্রহণের জন্য এনপিও'র পরিচালককে নির্দেশনা প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষাণ্মাসিক এনপিও বার্তা প্রকাশ করতে হবে।<br>বাস্তবায়ন : এনপিও । |

| | | |
|---|---|---|
| ১৪. | **বিভিন্ন ট্রেডবডিকে প্রণোদনা প্রদান এবং ক্রাইটেরিয়া নির্ধারণ:**<br><br>এনপিও'র পরিচালক বলেন, উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে এনপিও'র সাথে সম্পৃক্ত বিভিন্ন ট্রেডবডি ,ব্যবসায়িক সংগঠনকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ক্রাইটেরিয়া নির্ধারণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) কে সভাপতি করে ৫ সদস্য বিশিষ্ট কমিটির ১ম সভা ১৫ মে তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় বিভিন্ন ট্রেড বডির নিকট হতে মতামত সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী মতামত সংগ্রহের লক্ষ্যে ১০টি ট্রেড বডির নিকট পত্র প্রেরণ করা হলে শুধুমাত্র নাসিবের নিকট হতে মতামত পাওয়া যায় মর্মে তিনি সভাকে অবহিত করেন। এমসিসিআই'র উপ-প্রধান এম. আব্দুর রহমান বলেন, উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, আলোচনা সভা বাস্তবায়নের লক্ষ্যে এনপিওকে সার্বিক সহযোগিতা করার জন্য বিভিন্ন ট্রেডবডি/ ব্যবসায়িক সংগঠন/ এসোসিয়েশনকে প্রণোদনা দেওয়ার উদ্যোগটি অবশ্যই প্রশংসনীয় । যে সমস্ত ট্রেডবডি/ ব্যবসায়িক সংগঠন/ এসোসিয়েশন উন্নয়ন ও গবেষণায় কাজ করে তাদেরকে অগ্রাধিকারের তালিকায় রাখার উপর তিনি প্রস্তাব করেন ।<br>সভাপতি এনপিও কর্তৃক বিভিন্ন ট্রেডবডি ,ব্যবসায়িক সংগঠন ও বেসরকারি প্রতিষ্ঠানকে প্রণোদনা প্রদান করার বিষয়ে মতামত সংগ্রহসহ অবশিষ্ট কার্যক্রম গুরুত্বসহকারে এবং দ্রুততার সংগে সংশ্লিষ্ট কমিটিকে সম্পাদন করার জন্য পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে এনপিও'র সাথে সম্পৃক্ত বিভিন্ন ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠনকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ক্রাইটেরিয়া নির্ধারণের জন্য মতামত সংগ্রহসহ অবশিষ্ট কার্যক্রম গুরুত্বসহকার সম্পাদন করতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয় ।<br>(খ) এনপিও । |
| ১৫. | **এনপিও'র চলমান কর্মকান্ডকে গতিশীল করার লক্ষ্যে এনপিইসি'তে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত:**<br><br>এনপিইসি'র গত দ্বাদশ ও ত্রয়োদশ সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত কমিটিতে সভাপতি, বিডব্লিউসিসিআই ও ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশনকে অন্তর্ভুক্ত করে ২০ সদস্যের স্থলে ২২ সদস্যবিশিষ্ট কমিটি পুনর্গঠন করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br><br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটিতে দুইজন নতুন সদস্য অন্তর্ভুক্ত হওয়ায় অভিনন্দন জানান। | বিষয়টি ইতোমধ্যে সম্পাদন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় । |
| ১৬. | **শিল্প, সেবা, কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ:**<br><br>এনপিও'র পরিচালক বলেন, এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহায়তায় বিগত ২২ জুলাই-০২ আগষ্ট, ২০১৮ মালয়েশিয়ার ০২ জন বিশেষজ্ঞের দ্বারা "Workshop on Tools and Techniques to Measure Productivity Level at Sector and National Level" বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে এনপিও'তে কর্মরত কর্মকর্তাদেরকে National , Sector ও Firm Level এ উৎপাদনশীলতা পরিমাপের বিভিন্ন Tools & Techniques সম্বন্ধে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরবর্তী প্রকাশনা প্রকাশের পর মূলধন উৎপাদনশীলতা, মোট উপাদান উৎপাদনশীলতা নির্ণয় বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে । এ পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম শিল্প,সেবা কৃষি সেক্টরের উৎপাদনশীলতা নির্ধারণের পাশাপাশি জাতীয় শিল্প নীতির আলোকে এনপিও'র ম্যান্ডেট অনুযায়ী বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করার উপর গুরুত্বারোপ করেন। এনপিও'র পরিচালক অবহিত করেন যে, এনপিও'র ম্যান্ডেট অনুযায়ী বার্ষিক কর্মপরিকল্পনা | জাতীয় শিল্প নীতি ২০১৬, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং অন্যান্য ম্যান্ডেট অনুযায়ী এনপিও'র কার্যক্রম যথাযথ এবং গুরুত্ব সহকারে বাস্তবায়ন নিশ্চিত করা হবে ।<br>**বাস্তবায়ন :** এনপিও । |

| | | |
|---|---|---|
| | ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে । তিনি তাৎক্ষনিকভাবে ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের নিকট বার্ষিক কর্মপরিকল্পনার একটি কপি হস্তান্তর করেন ।<br>জাতীয় শিল্পনীতি ২০১৬ বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনায় এনপিও'র উপর অর্পিত দায়িত্ব যথা- ক্রমিক নং-১৬ রাষ্ট্রায়াত্ব শিল্পের ব্যবস্থাপনা দক্ষতা (অনুচ্ছেদ ৭.১), ক্রমিক নং-১৭ উৎপাদনশীলতা বৃদ্ধি (অনুচ্ছেদ ৮.১, ৮.৪,৮.৩) ও ক্রমিক নং-১৮ পণ্যের গুণগত মান নিশ্চিতকরণ (অনুচ্ছেদ ৮.৭) এ বর্ণিত কর্মকান্ডের অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, জাতীয় শিল্পনীতি-২০১৬তে নির্ধারিত এনপিও'র কার্যক্রম বাস্তবায়নে এনপিও অত্যন্ত সচেতন । এ সংক্রান্ত গৃহীত কার্যক্রম ২/১ দিনের মধ্যেই সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা হবে মর্মে এনপিও পরিচালক নিশ্চিত করেন।এনপিও'র পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, Green productivity বা সবুজ উৎপাদনশীলতা বিষয়ে এনপিও জোরালোভাবে ব্যবহারিক কার্যক্রম গ্রহণ করে নাই। তবে প্রশিক্ষণের তালিকা ও বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে এবং প্রতিটি প্রশিক্ষণ কর্মসূচিতেই Green productivity অন্তর্ভুক্তি নিশ্চিত করা হবে ।<br><br>সভাপতি Green productivity বা সবুজ উৎপাদনশীলতা বিষয়ে ওয়েবসাইট, You tube ইত্যাদি হতে সম্যক ধারণা গ্রহণের জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | |
| ১৭ | <u>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক:</u><br><br>এনপিও'র পরিচালক বলেন, এনপিও এর নানামূখী কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে যাবতীয় কর্মসূচি Feed Back সহ লিখিত আকারে প্রতিবেদন প্রণয়নের নিমিত্তে এনপিও কর্তৃক নির্ধারিত ছক প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণের পরবর্তী ০৩ মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে Feed Back সহ লিখিত আকারে প্রতিবেদন সংগ্রহের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং সার্ভিস গ্রহণকৃত প্রতিষ্ঠান হতে Feed Back প্রাপ্তির পরে ধারাবাহিকভাবে পরবর্তী সভাসমূহে উপস্থাপন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন । এ ছাড়া এনপিও এর নানামুখী কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে আগষ্ট, ২০১৮ পর্যন্ত কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের সচিত্র প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।<br><br>এ পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম বলেন, এনপিও অফিস সৃষ্টিলগ্ন থেকে জাতীয় এবং কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা সচেতনতা সৃষ্টি, উৎপাদনশীলতা অবকাঠামো উন্নয়ন কর্মসূচি প্রয়োগ ও বাস্তবায়নসহ বহুমুখী কার্যক্রমের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি তথা উন্নয়ন তরান্বিত করার অবদান রেখে আসছে। এর ফলশ্রুতিতে অতীতের তুলনায় বর্তমানে এনপিও'র বাস্তবায়িত নানামূখী কর্মকান্ডের বিষয়াদি দৃশ্যমান করার লক্ষ্যে প্রতিষ্ঠান পর্যায় হতে সুনির্দিষ্ট Feed Back সংগ্রহ করার উপর পুনরায় গুরুত্বারোপ করেন । উৎপাদনশীলতা উন্নয়নে আধুনিক কলাকৌশল সম্পর্কিত ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে অদক্ষ জনশক্তিকে দক্ষ করে তোলা এনপিও'র অন্যতম কাজ বলে মত ব্যক্ত করেন । তাই এপিও কর্তৃক পরিচালিত কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ, সেমিনার, আলোচনা সভা, কর্মশালা, ব্যবহারিক কাইজেন পদ্ধতি, ব্যবহারিক ফাইভ-এস এর পরিচালনার পূর্বের অবস্থা ও পরের অবস্থা তুলনামূলক তথ্যাদি সংযোজন করা হলে উৎপাদনশীলতা বৃদ্ধির বাস্তব অবস্থা জানা যাবে মর্মে তিনি সভায় মতামত ব্যক্ত করেন । | এনপিও কর্তৃক সার্ভিস গ্রহণকৃত প্রতিষ্ঠান হতে প্রাপ্ত Feed Back সমূহের প্রতিবেদন এনপিইসি'র পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়ন :** এনপিও । |

| | | |
|---|---|---|
| | সভাপতি বলেন যে, টেকসই ও জ্ঞান ভিত্তিক শিল্পায়নের লক্ষ্য অর্জনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিজেই উৎপাদনশীলতা বৃদ্ধির তাগিদ দিয়ে আসছেন। তিনি আরও বলেন, সরকারের রূপকল্প-২০২১ সালের মধ্যে বাংলাদেশকে শিল্পসমৃদ্ধ মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চ্যালেঞ্জসমূহ মোকাবেলা ও ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে পরিণত করা জন্য উৎপাদনশীলতা উন্নয়ন অপরিহার্য। এনপিও'র পাশাপাশি টার্গেট গ্রুপ ভিত্তিক সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান/ কমিনিউটির কাজই হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধির আন্দোলনে সম্পৃক্ত হয়ে দেশের সার্বিক উৎপাদনশীলতা উন্নয়ন করা । তিনি এনপিও কর্তৃক সার্ভিস গ্রহণকৃত প্রতিষ্ঠান হতে Feed Back প্রাপ্তির পরে ধারাবাহিকভাবে পরবর্তী সভাসমূহে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন । | |

শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ও সভার সভাপতি উপস্থিত সদস্যদেরকে তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ আবদুল হালিম)
ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি।

১৬/০৯/২০১৮ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র চতুর্দশ সভার সম্মানিত সদস্যগণের
উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | মুনিরুন নাহের বেগম<br>অতিঃ সচিব | শিক্ষা মন্ত্রণালয় | টেলিফোন: 01742969359<br>ই-মেইল: | [signature] |
| ০২. | মোঃ নজরুল ইসলাম<br>যুগ্ম সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোন: 01711243024<br>ই-মেইল: | [signature] |
| ০৩. | মোঃ নজরুল ইসলাম<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | এনপিও. | টেলিফোন: 01556332568<br>ই-মেইল: | [signature] |
| ০৪. | খান জাভেদ আনোয়ার<br>মহাব্যবস্থাপক (অবঃদাঃ) | বিবিএসআইসি | টেলিফোন: 01819489784<br>ই-মেইল | [signature] |
| ০৫. | এম. আবদুর রহমান<br>ই.প. প্রধান | এফবিসিসিআই / চিফ ১০ | টেলিফোন: 01914-613942<br>ই-মেইল: mrahman_53@yahoo.com | [signature] |
| ০৬ | এটিএম মোজাম্মেল হক | এনসিসিআই | টেলিফোন: ০১৫৫২৮৬২০৭৮<br>ই-মেইল: mozammel_alimo1@yahoo.com | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | মো: ফরিদ উদ্দিন [illegible] গবেষণা কর্মকর্তা | [illegible] | টেলিফোন: 01716991386<br>ই-মেইল: | [signature] |
| ৮. | মো: হামিদুল ইসলাম প্রধান রসায়নবিদ। | BSFIC | টেলিফোন: 01730-910721<br>ই-মেইল: | [signature] |
| ৯. | মো: [illegible] [illegible] | শিল্প মন্ত্রণালয় - | টেলিফোন:<br>ই-মেইল: | [signature] |
| ১০. | মিজানুর রহমান (চেয়ারম্যান, BSEC | BSEC | টেলিফোন: 01732912595<br>ই-মেইল: bsecheadoffice@gmail.com | [signature] |
| ১১ | মো: আবদুল মোতালিব যুগ্ম পরিচালক | NPO | টেলিফোন: 01720107032<br>ই-মেইল: npobangla@yahoo.com | [signature] |
| ১২ | মোছাম্মৎ ফাতেমা বেগম গবেষণা কর্মকর্তা | NPO | টেলিফোন: 01557386706<br>ই-মেইল: fatamabegumnpo@gmail.com | [signature] |
| ১৩ | [illegible] | NPO. | টেলিফোন:<br>ই-মেইল: | [signature] |
| ১৪ | বিপন সাহা গ.ক. | NPO | টেলিফোন: 01739278487<br>ই-মেইল: rohel.du@gmail.com | [signature] |
| ১৫ | মো: আমিনুল ইসলাম স: প্রো: | NPO | টেলিফোন: 01557768005<br>ই-মেইল: aminulnpo@gmail.com | [signature] |

১৩/০৯/২০১৮ ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)'র চতুর্দশ সভার সম্মানিত সদস্যগণের
উপস্থিতির তালিকা ও স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন, ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| — | -০- | -০- | টেলিফোন:<br>ই-মেইল: | |
| ১৭ | মো: সফিকুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক | এস এম ই ফাউন্ডেশন | টেলিফোন: ০১৭১৩০১০১৮৩<br>ই-মেইল: md@smef.org.bd | [signature] |
| ১৮ | এ.কে.এম. দেলোয়ার হোসেন<br>উপ-প্রধান (শ্রম: মান) | BSFIC | টেলিফোন: 01711171650<br>ই-মেইল: delwar_fcma@yahoo.com | [signature] ১৩/৯/১৮ |
| ১৯ | দীপক কুমার চৌধুরী<br>কার্যনির্বাহী ই: (পাস) | [illegible] | টেলিফোন: 01716371671<br>ই-মেইল / | [signature] |
| ২০ | মির্জা নুরুল গনী<br>সা সম্পাদক, নাসিব | নাসিব | টেলিফোন: ০১৭১১২৮৩৮৮২৩<br>ই-মেইল: nasibbd@gmail.com | [signature] |
| ২১ | মো: [illegible]<br>পরিচালক (উ:গ:) | BCIC | টেলিফোন: 01730325404<br>ই-মেইল: skamalhp@gmail.com | [signature] 13.09.18 |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | মোঃ কামরুল হোসাইন [illegible]<br>[illegible] ([illegible]) | [illegible] গ্রুপ লিমিটেড<br>[illegible] | টেলিফোন: [illegible]<br>ই-মেইল: production.bjinc@gmail.com | [signature] |
| ২৩ | কাজী নাহিদ হাসান<br>সহ: সচিব | বাংলাদেশ চেম্বার অব<br>ইন্ডাস্ট্রিজ (বিসিআই) | টেলিফোন: 01911118887<br>ই-মেইল: bci.bci85@gmail.com | [signature] |
| ২৪ | মোঃ নিজাম উদ্দিন<br>পরিচালক | এফ.বি.সি.সি.আই | টেলিফোন: 01911360454<br>ই-মেইল: nizamenterprise@yahoo.com. | [signature] |
| ২৫ | মোঃ [illegible]<br>[illegible] ([illegible]) | [illegible] | টেলিফোন: 01552-389186<br>ই-মেইল: faizalud.golam@yahoo.com. | [signature] |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| | | | টেলিফোন<br>ই-মেইল | |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |
| | | | টেলিফোন:<br>ই-মেইল: | |